

## 272795 - শুধু মাথার সাইডের চুলগুলো কাটা কি নিষিদ্ধ 'কুযা' এর অন্তর্ভুক্ত হবে?

### প্রশ্ন

আমি 'কুযা' সম্পর্কে যা কিছু পড়েছি তাতে দেখলাম সব উত্তরে বলা হয়েছে 'মাথার কিছু অংশের চুল কামানো, আর কিছু অংশ রেখে দেওয়া হচ্ছে- 'কুযা'। এর মানে কি মাথার কিছু অংশের চুল ছোট করে কিছু অংশ রেখে দিলে, যা স্পষ্টভাবে চোখে পড়ার মত, যেটা কুযার মতই; সেটা কুযা হিসেবে বিবেচিত হবে না? যেমন- কেউ একজন মাথার সাইডের চুলগুলো ব্যাপকভাবে ছোট করল যাতে করে চুল দৈর্ঘ্য ১ সেমিঃ হয়। আর সামনের চুলগুলো ৭/৮ সেমিঃ রেখে দিল! যেহেতু এটা চুল কামানো নয়; বরং চুল ছোট করা- তাই কি এটা 'কুযা' এর মধ্যে পড়বে না?

### প্রিয় উত্তর

হ্যাঁ, 'কুযা' হচ্ছে- মাথার কিছু অংশের চুল কামানো এবং কিছু অংশের চুল রেখে দেওয়া।

আর মাথার কিছু অংশের চুল ছোট করা, যেমন সাইড থেকে কেটে মাঝখানের গুলো রেখে দেওয়া- এটি কুযা এর সংজ্ঞার মধ্যে পড়বে না। কিন্তু, যদি অনেক বেশি ছোট করে ফেলা হয় তাহলে তা করাও নিষিদ্ধ। কেননা সেটা কুযা এর মত।

আর যেহেতু এভাবে চুল কাটা বেদ্বীন ও বিধর্মীদের বৈশিষ্ট্য; কোন রুচিশীল, সুষ্ঠ চরিত্রের মানুষের বৈশিষ্ট্য নয়। তাই কোন মুসলামানের এ শ্রেণীর লোকের সাথে সাদৃশ্য গ্রহণ করা উচিত নয়।

এ প্রশ্নে যা জানতে চাওয়া হয়েছে সে সম্পর্কে আমরা শাইখ আব্দুর রহমান আল-বার্রাকের কাছে প্রশ্ন পেশ করেছিলাম, জবাবে তিনি বলেন: এটি কুযা না হলেও কুযার সাথে সাদৃশ্যপূর্ণ।

এ ধরনের চুল কাটার কোন কোন স্টাইলে কাফেরদের সাথে সাদৃশ্য রয়েছে, যে সব স্টাইল মুসলিম সমাজে অনুপ্রবেশ করেছে।

[সমাপ্ত]

ইতিপূর্বে 110209 নং প্রশ্নোত্তরে এ বিষয়ে আরও সবিস্তারে আলোচনা করা হয়েছে।

আল্লাহ্ই সর্বজ্ঞ।